



রাষ্ট্রপতি অধ্যাপক ড. ইয়াজউদ্দিন আহমেদ শনিবার ঢাকায় বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে নর্থ সাউথ ইউনিভার্সিটির ঘণ্ট সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দেন।

এনএসইউ'র সমাবর্তনে রাষ্ট্রপতি বিশ্ববিদ্যালয়গুলোকে প্রয়োজনীয় অবকাঠামোসহ গড়ে তুলতে হবে

রাষ্ট্রপতি অধ্যাপক ড. ইয়াজউদ্দিন আহমেদ বলেছেন, সরকারি বা বেসরকারি যেকোন বিশ্ববিদ্যালয়ের নিজস্ব স্থাপনাসহ প্রয়োজনীয় সুযোগ-সুবিধা থাকা উচিত। কেবলমাত্র সনদপত্র দেয়ার প্রতিষ্ঠান হিসেবে বিশ্ববিদ্যালয় গড়ে তোলা যুক্তিসঙ্গত নয়।

শনিবার বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ঘণ্ট সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি বলেন, সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে বিশ্ববিদ্যালয়গুলোকে অবশ্যই শৃঙ্খলা ও বিধিবিধান অনুযায়ী গড়ে

তুলতে হবে। বিশ্ববিদ্যালয় শুধু সনদপত্র বিতরণের প্রতিষ্ঠান হতে পারে না। বাসস, ইউএনবি।

তিনি বলেন, ভাড়া বাড়িতে ব্যস্ত আবাসিক বা বাণিজ্যিক এলাকায় কিছু বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। প্রয়োজনীয় খোলা জায়গা, সমৃদ্ধ লাইব্রেরি ও ল্যাবরেটরি সুবিধা ছাড়া গড়ে তোলা কোন বিশ্ববিদ্যালয় সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের ধারণার সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়।

রাষ্ট্রপতি ও এনএসইউ-এর আচার্য ইয়াজউদ্দিন বলেন, দেশে উচ্চশিক্ষার প্রসারের উদ্দেশ্যে বেসরকারি পর্যায়ে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সুযোগ দেয়া হয়েছে। এখন সময় এসেছে সেগুলোর মাধ্যমে আমরা কতটুকু উপকৃত হয়েছি তা

রাষ্ট্রপতি : পৃঃ ২ কঃ ২

4

রাষ্ট্রপতি : বিশ্ববিদ্যালয়

(১২-এর পৃষ্ঠার সর)

ঘাচাই করা এবং সেগুলোর সীমাবদ্ধতা পর্যালোচনা করে দেখা।

উদ্বিধারী তরুণদের উৎপাদনমুখী কর্মকাণ্ডে সম্পৃক্ত করার লক্ষ্যে রাষ্ট্রপতি ও ব্যাংক ও দক্ষ উদ্যোক্তাদের প্রতি প্রয়োজনীয় তহবিল ও, কারিগরি জ্ঞান নিয়ে এগিয়ে আমার আহ্বান জানান। কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে তিনি সরকারের সীমাবদ্ধতার কথা তুলে ধরেন।

এতে অন্যান্যের মধ্যে শিক্ষা প্রতিমন্ত্রী এএনএম এহসানুল হক মিলন, এনএসইউ'র উপ-উপাচার্য অধ্যাপক হাফিজ জিএ সিদ্দিকী, এনএসইউ ফাউন্ডেশনের চেয়ারম্যান এবিএম কামালউদ্দিন খান বক্তৃতা করেন। জাপানের টোকিওতে অবস্থিত ইউনাইটেড ন্যাশনস ইউনিভার্সিটির সাবেক রায়্টর অধ্যাপক হিডোর গুরগুনিনো ডি সোজা সমাবর্তনে বক্তৃতা করেন।